# উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট এর জুন-২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার তারিখ ও সময়: ৩০ জুন ২০২৫ খ্রি:, সকাল ১১.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাগেরহাট সদর।
সভাপতি : এস.এম.মুস্তাফিজুর রহমান
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বাগেরহাট সদর, বাগেরহাট।

সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ১৮/০৮/২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৮ নং প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ১৩ (ঘ) প্রয়োগ করে বাগেরহাট সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান-কে স্বীয় পদ থেকে অপসারণ করা হয় এবং স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ১৮ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.০১৮.০০১.২৪-৪৯৯ নং প্রজ্ঞাপন মোতাবেক উপজেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ১৩ ঙ এর উপধারা (১) প্রয়োগ করে বাগেরহাট সদর উপজেলা নির্বাহী অফিসার-কে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব হিসাবে বাগেরহাট সদর উপজেলা পরিষদের প্রশাসক পদে নিয়োগ প্রদান করা হয়। প্রজ্ঞাপন অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের প্রশাসনিক দায়িত্ব পালন এবং উপজেলা পরিষদের সকল আর্থিক ক্ষমতা প্রয়োগ করবেন।

অতঃপর সভায় নিম্নোক্ত ক্রমানুযায়ী আলোচনা ও তার পরিপ্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন পরিবর্তন, পরিমার্জন ও সংশোধনী প্রস্তাব আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যগণ না সূচক অভিমত ব্যক্ত করেন। | বিগত ২৯/০৫/২০২৫ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উন্নয়ন তহবিল থেকে দু:স্থ ও অসহায় নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ এবং অস্বচ্ছল ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ প্রকল্প গ্রহণ করা হয়। পরবর্তীতে প্রকল্প বাস্তবায়নের জন্য সেলাই মেশিন ও বাইসাইকেল ক্রয় করা হয় কিন্তু সময়মত বিতরণ করা হয়নি। অবিতরণকৃত বাইসাইকেল ও সেলাই মেশিন বিতরণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থ বছরে উন্নয়ন তহবিলে থেকে দু:স্থ ও অসহায় নারীদের মাঝে অবিতরণকৃত সেলাই মেশিন বিতরণ এবং অস্বচ্ছল ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩ | দপ্তর ভিত্তিক আলোচনা | সভাপতি কোন দপ্তরের গুরুত্বপূর্ণ কোন আলোচনা থাকলে তা সভায় উপস্থাপনের অনুরোধ করেন।<br>৩.১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান |
| | | ৩.২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মে/২০২৫ মাসের অগ্রগতি ১) স্থায়ী পদ্ধতি-১৫, কপার টি-৪০ ইনজেকশন-৯৯২, ইমপ্লান্ট -১৩৭, খাবার বড়ি (চক্র)-১৪৮৬, কনডম (পিস)-৭৬৫, ইসিপি-০৭, মিসোপ্রোস্টল-১২৫ ও .সি.এ.আর-৮০.৪১%। ২) মা ও শিশু স্বাস্থ্য: গর্ভবতীর সংখ্যা-১২৯৫, গর্ভবতী সেবা-৩৭০, বাড়ী/হাসপাতাল/ ক্লিনিক এ প্রসব সেবা-১৯৬, fwc-তে প্রসব সেবা-৬, মোট প্রসব সেবা-২০২, প্রসবোত্তর সেবা ২০২, শিশু জন্ম-১৭৩, শিশু মৃত্যু-০, মাতৃ মৃত্যু-০, সাধারণ রোগি ১২৬৯। ৩) পদ্ধতি সমূহের অগ্রগতি: মোট দম্পতি-৪৮,১৮৫ টি, বন্ধ্যাকরন (জন)-৫৩০২, কপার টি (জন)-৮৬৩,ইনজেকশন (জন)-৬৬০১, ইমপ্লান্ট (জন)-২১০৪ খাবার বড়ি (চক্র)-১৯৫০৭, কনডম (পিস)-৪৩৬৩, সি.এ.আর-৮০.৪১%। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | | ৩.৩। উপজেলা কৃষি অফিসঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে উফশী আমানের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক ১০৮০ জন কৃষকের মধ্যে প্রনোদনা কর্মসূচির আওতায় বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হবে।<br>*২০২৪-২০২৫ অর্থ বছরে প্রনোদনা কর্মসূচীর আওতায় বিনামূল্যে ৭০০জন কৃষককে ৩৫০০টি নারিকেলের চারা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৩৮০টি নারিকেলে চারা, ১৫০ জন কৃষককে ৭৫০টি | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

চলমান পাতা-০২

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠানে ৩৮০টি নারিকেলে চারা, ১৫০ জন কৃষককে ৭৫০টি উন্নতমানের আমের চারা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১৫০০ জন শিক্ষার্থীদের মাঝে ৬০০০টি নিম, বেল, জাম ও কাঠালের চারা, ২৬০টি তালের চারা এবং ১৫০জন কৃষকের মাঝে গ্রীষ্মকালীন সবজি বীজ ও সার বিতরণ করা হবে।<br>* সারের মজুদ স্বাভাবিক আছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | | |
| | | ৩.৪। উপজেলা মৎস্য অফিসঃ<br>উপজেলা সিনিঃ মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। দুইটি চিংড়ি খামারের রেজিস্ট্রেশন প্রদান করা হয়েছে। মৎস্য আড়ৎ ও বরফকলের লাইসেন্স প্রদান কার্যক্রম চলমান। লাইসেন্স বিহীন আড়ৎ ও বরফকলের বিরুদ্ধে অভিযান ও মোবাইল কোর্ট অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। জেলেদের মাঝে ভিজিএফ চাল বিতরণ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হয়েছে। আগামী ২২ জুলাই ২০২৫ থেকে শুরু হওয়া জাতীয় মৎস্য সপ্তাহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হলো। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিঃ মৎস্য কর্মকর্তা |
| | | ৩.৫। উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কাজ চিকিৎসা সংক্রান্ত সে গুলো ভালোভাবে চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| | | ৩.৬। উপজেলা প্রকৌশল অফিসঃ<br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে কর্মসূচীর (এডিপি) আওতায় ০৪(চার) কিস্তিতে ৮৪,৫২,০০০.০০ (চুরাশি লক্ষ বায়ান্ন হাজার) টাকার অনুমোদিত স্কীম সমূহের মধ্যে ডেমা ইউনিয়নের ডেমা গ্রামে ০৭ নং ওয়ার্ডের মহব্বত গাজী বাড়ী থেকে দেওয়ানের খাল অভিমুখে ইটের সলিংকরণ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা স্কীমের কাজ ব্যতিত সকল স্কীমের কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। উল্লেক্য ডেমা ইউনিয়নের সড়কটি অত্যন্ত নীচু হওয়ায় এবং খাল সংলগ্ন হওয়ায় অল্প জোয়ার ভাটার পানিতে সড়কটি ডুবে যায় এবং সড়কটি অত্যন্ত কর্দমাক্ত হওয়ায় সলিং কাজ করা সম্ভব হয়নি বিধায় উক্ত কাজটি বাদ দিয়ে বিল প্রদান করা হয়েছে। তাছাড়া রাজস্ব তহবিল গৃহীত স্কীমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত হয়েছে এবং উন্নয়ন তহবিলের দ্বারা গৃহীত স্কীমসমূহ বাস্তবায়নে কার্যক্রম চলমান আছে। যে সমস্ত স্কীম ইজিপির মাধ্যমে বাস্তবায়ন হবে তার নোটিশ অদ্য প্রকাশ করা হয়েছে। তাছাড়া এলজিইডি'র অন্যান্য কার্যক্রম যথা নিয়মে চলামান আছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

৩.৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে।

| ক্রমিক নং | খাতের নাম | | বরাদ্দের পরিমাণ (মেঃ টন/টাকা) | গৃহীত প্রকল্প সংখ্যা | ব্যয়ের পরিমাণ (মেঃ টন/টাকা) | সমাপ্ত প্রকল্প সংখ্যা | অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সাধারণ (কাবিখা/কাবিটা) ১ম ও ২য় পর্যায় | চাল | ১০৬.৩৯৭৯ মে: টন | ১৯টি | ১০৬.৩৯৭৯ মে: টন | ১৯টি | ১০০% |
| | | গম | ১০৬.৩৯৭৯ মে: টন | ১৪ টি | ১০৬.৩৯৭৯ মে: টন | ১৪ টি | ১০০% |
| | | টাকা | ১,৪৮,৯৫,৭০৫/১৫ টাকা | ৬৬ টি | ১,৪৮,৯৫,৭০৫/১৫ টাকা | ৬৬ টি | ১০০% |
| ০২ | সাধারণ(টিআর) ১ম ও ২য় পর্যায় | | ১,৩৪,৩৩,৬৮৯/৫১ টাকা | ১০১ টি | ১,৩৪,৩৩,৬৮৯/৫১ টাকা | ১০১ টি | ১০১ টি |
| ০৩ | পৌরসভা(টিআর) ১ম ও ২য় পর্যায় | | ১৯,৮৯,৯৪০/১০ টাকা | ১৭ টি | ১৯,৮৯,৯৪০/১০ টাকা | ১৭ টি | ১৭ টি |
| ০৪ | বিভাগীয় কমিশনার(টিআর) ১ম ও ২য় পর্যায় | | ৬,০০,০০০/- টাকা | ০৩টি | ৬,০০,০০০/- টাকা | ০৩টি | ০৩টি |
| ০৫ | জেলা প্রশাসক(টিআর) ১ম ও ২য় পর্যায় | | ১২,০০,০০০/- টাকা | ০৭টি | ১২,০০,০০০/- টাকা | ০৭টি | ০৭টি |

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

চলমান পাতা-০৩

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ০৬ | সাধারণ (কাবিখা/কাবিটা) ১ম ও ২য় পর্যায় | চাল | ৪২.৫৫৯ মে.টন | ১২টি | ৪২.৫৫৯ মে.টন | ১২টি | ১০০% |
| | | গম | ৪২.৫৫৯ মে.টন | ১২টি | ৪২.৫৫৯ মে.টন | ১২টি | ১০০% |
| | | টাকা | ৭৪,৪৭,৮৫২/৫৮ টাকা | ৩১টি | ৭৪,৪৭,৮৫২/৫৮ টাকা | ৩১টি | ১০০% |
| ০৭ | সাধারণ (টি আর) ৩য় পর্যায় | | ৬৭,১৬,৮৪৪/৭৬ টাকা | ৪৪টি | ৬৭,১৬,৮৪৪/৭৬ টাকা | ৪৪টি | ৪৪টি |
| ০৮ | পৌরসভা(টিআর) ৩য় পর্যায় | | ৯,৯৫,০২৬/১৫টাকা | ০৮টি | ৯,৯৫,০২৬/১৫টাকা | ০৮টি | ০৮টি |
| ০৯ | এইচবিবি প্রকল্প | | ৭৪,৩৩,৭৫০/- টাকা | ০১টি প্যাকেজ | ৭৪,৩৩,৭৫০/- টাকা | ০১টি প্যাকেজ | ০১টি প্যাকেজ |

সিদ্ধান্ত: সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩.৮। উপজেলা সমাজসেবা অফিসঃ<br>উপজেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট সদরের স্বাভাবিক কার্যক্রম চলমান আছে। ২০২৪-২৫ অর্থবছরের নতুন ও পুরাতন ভাতাভোগীদের অর্থ ব্যাংক এশিয়ার মাধ্যমে ভাতাভোগীদের ব্যাংক হিসাবে পৌঁছিয়ে গিয়েছে। ভাতার অর্থ উত্তোলন খরচ হিসেবে ব্যাংক এশিয়ার এজেন্ট হিসেবে কোন ধরণের অর্থ গ্রহণ করতে নিরুৎসাহিত করা হয়েছে এবং এ বিষয়ে উপজেলা ব্যাংক এশিয়ার প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ক্যান্সার, কিডনিসহ ০৬ টি গুরুতর রোগের চিকিৎসা সহায়তা হিসেবে ৩৬ জনকে ৫০,০০০ টাকা মাথাপিছু প্রদান করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৩.৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ<br>উপজেলা মাধ্যমিক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে সরকারি ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের নামে লেইস প্রকল্প কর্তৃক জলবায়ু সচেতনতা অনুদান হিসাবে প্রতিটি প্রতিষ্ঠানের নামে ৫০০০(পাঁচ হাজার) টাকা করে বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত টাকা দিয়ে গাছের চারা রোপন, দেয়ালিকা ও জলবায়ু সচেতনতার উপরে বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করে উপজেলা পর্যায়ে করা হবে।ইতোমধ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবে অর্থ প্রেরণ করা হয়েছে। গত ২৪/০৬/২০২৫খ্রি. থেকে অর্ধবার্ষিক পরীক্ষা চলমান আছে। অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৩.১০। উপজেলা শিক্ষা অফিসঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল কার্যক্রম ভালোভাবে চলছে তবে নতুন ভবন নির্মিত মগরা, সরুই এসএস জোহা এবং মুনিগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কোন ওয়াশব্লক/ টয়লেট না থাকায় শিক্ষার্থীদের কষ্ট হচ্ছে বলে তিনি জানান।<br>টিকা কার্ড না থাকায় যাদের জন্ম সনদ করা যাচ্ছে না তাদের জন্য ক্যাচমেন্ট এলকার প্রধান শিক্ষক কর্তৃক বয়স বা জন্ম তারিখের প্রত্যয়নের ভিত্তিতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বয়স সংক্রান্ত ডাক্তারি সনদ প্রদানের বিষয়টি বিবেচনার জন্য প্রস্তাব করেন। | বিদ্যালয়ে ভর্তি ক্ষেত্রে জন্ম নিবন্ধন গুলো জরুরি করে দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| | | ৩.১১। উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি আরও বলেন<br>(১) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রম: ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে প্রত্যেক ইউনিয়নে গণজমায়েতের মাধ্যমে উপকারভোগী বাছাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ২০২৩-২০২৪ চক্রের মেয়াদ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধি করার কারনে খাদ্যশস্যর বরাদ্দ পাওয়া গেছে। উপকারভোগীর সংখ্যা-২১৬৯ জন। সে মোতাবেক উপকারভোগীদের জুন,২০২৫ পর্যন্ত খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | (২) মা ও শিশু সহায়তা কর্মসূচি: "মা ও শিশু সহায়তা তহবিল" কর্মসূচির প্রত্যেক পৌরসভা/ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে নীতিমালার আলোকে ৪-৬ মাসের গর্ভবতী মহিলাদের প্রতিমাসে অনলাইনে আবেদন গ্রহণ করা হচ্ছে। যাচাই বাছাইয়ের মাধ্যমে প্রতিমাসের উপকারভোগী প্রতিমাসে তালিকা চূড়ান্ত করণের কাজ সম্পন্ন হয়েছে। একজন মহিলা তিন বছর পর্যন্ত প্রতিমাসে ৮০০/- টাকা হারে তার নিজ ব্যাংক হিসাব অথবা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে এ ভাতা প্রাপ্য হবেন। প্রতিমাসে প্রতি ইউনিয়নে ৫ জন করে এবং পৌরসভায় প্রতি ওয়ার্ডে ২জন করে ভাতভোগী নির্বাচন করা হয়। উপকারভোগীর সংখ্যা-২০৮২ জন। এ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br>(৩) মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম: ক) সদর কার্যালয়, ঢাকা হতে এ পর্যন্ত মূলধন প্রাপ্তি-১০.৯৫ লক্ষ টাকা। খ) ঋণগ্রহীতার সংখ্যা (ক্রমিপুঞ্জিত)-২০৭ জন। গ) বিতরণকৃত ঋণের পরিমাণ (ক্রমিপুঞ্জিত):১৯.০৭ লক্ষ টাকা। উপকারভোগীর সংখ্যা-২০৭ জন।<br>(৪) কিশোর কিশোরী ক্লাব স্থাপন: বাগেরহাট সদর উপজেলাধীন ১০টি ইউনিয়ন এবং ০১টি পৌরসভায় এ কার্যক্রম চালু আছে। প্রত্যেক ক্লাবে ২০জন কিশোরী ও ১০ জন কিশোরের সমন্বয়ে এক একটি ক্লাব পরিচালিত হচ্ছে। উপকারভোগীর সংখ্যা-৩৩০ জন। সপ্তাহে ২দিন জেন্ডার সমতা, সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ ও সচেতনতামূলক আলোচনা করা হয়। | | |
| | | ৩.১২। উপজেলা যুব উন্নয়ন অফিসঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্র ৪২০ জন।<br>মে/২০২৫ মাস পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৪২০ জন।<br>মে/২০২৫ মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভুত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৬৫৮৩ জন।<br>২০২৪-২০২৫ অর্থ বছরে আত্মকর্ম সৃজনের লক্ষ্যমাত্র ১১৩ জন।<br>মে/২০২৫ মাস পর্যন্ত আত্মকর্মী করা হয়েছে ১০৬ জন।<br>২০২৪-২০২৫ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্র ৩২,৮০,০০০/- টাকা।<br>মে/২০২৫ মাস পর্যন্ত বিতরণ হয়েছে ৩৭,০০,০০০/-।<br>মে/২০২৫ মাস পর্যন্ত আদায় হয়েছে ২,০৫,৫৯২/-।<br>আদায়ের হার ১০০%।<br>২০২৪-২০২৫ অর্থ বছরে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা ৩৬টি।<br>মে/২০২৫ মাস পর্যন্ত বায়োগ্যাস প্লান্ট স্থাপন হয়েছে ৭টি।<br>২০২৪-২০২৫ অর্থ বছরে ওরিয়েন্টশন প্রশিক্ষণের লক্ষ্যমাত্র ৫টি।<br>মে/২০২৫ মাস পর্যন্ত ওরিয়েন্টশন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৫টি। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| | | ৩.১৩। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ<br>উপ-সহকারী প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে চলমান প্রকল্পসমূহ:<br>*সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১২০টি গভীর নলকূপের কাজ চলমান।<br>* সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় রুরাল পাইপড স্কীমের ৭০% কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে এবং কাজ চলমান রয়েছে।<br>*পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের ০৫টি ওয়াটার পয়েন্ট, ১৮টি স্ট্রীট হাইড্রেন্ট ও ১০০ টি হাউজ কানেকশনের কাজ সম্পন্ন হয়েছে।<br>*০৫টি কমিউনিটি টয়লেট ও ১টি সেকেন্ডারী ট্রান্সফার স্টেশন করা হয়েছে। সাইট না পাওয়ায় ২টির নির্মাণ কাজ সম্ভব হয়নি।<br>*ফিকাল ও সলিড ওয়েস্ট ট্রিটমেন্ট প্লান্ট কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। অতি দ্রুত কাজ শুরু হবে। | অধিদপ্তরের পত্রের নির্দেশনা মোতাবেক কমিউনিটি টয়লেট নির্মাণের সাইড নির্বাচনের ব্যবস্থা করতে হবে বিশেষ করে হাট-বাজারকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। | উপ-সহকারী প্রকৌশলী উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| | | ৩.১৪। উপজেলা সমবায় অফিসঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা-১৮৩টি,<br>অডিটযোগ্য কার্যক্রর সমবায় সমিতি ১৬৮টি,<br>অকার্যকর সমবায় সমিতি-২১টি, | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ বর্ষে বাতিলকৃত সমবায় সমিতি-১৫টি,<br>বিআরডিবি সমবায় সমিত মোট ৭২টি,<br>সর্বমোট সমিটি ২৪০টি।<br>আশ্রয়ণ সমবায় সমিতি মোট-১৫টি তারমধ্যে ঋণ দেওয়া আছে ৩টি সমিতি।<br>আশ্রয়ণ-০৪টি, আশ্রয়ণ-২-০৯টি, আশ্রয়ণ ফেইজ-২ -০২টি। ঋণ কার্যক্রম আছে ০৩টি।<br>১) ভট্রবালিয়াঘাটা আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প ঋণ দাদন ২৭,৩৬,০০০/-টাকা , ঋণ আদায় ১৮,৪০,৯৪২/- টাকা বকেয়া ৮,৯৫,৭৩১/- টাকা।<br>২) খানপুর-সুগন্ধি আশ্রয়ণ প্রকল্প প্রকল্প ঋণ দাদন ১৩,৩৮,০০০/- টাকা, ঋণ আদায় ৬,১২,৪৪৬/- টাকা বকেয়া ২,১৩,৪২৮/- টাকা।<br>৩) আব্দুল রসুলপুর আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২)প্রকল্প ঋণ দাদন ১১,৮৫,০০০/-টাকা, ঋণ আদায় ৫,৪৯,৮৭৪/- টাকা বকেয়া ২,৪২,৭৫৩/- টাকা। | | |
| | | ৩.১৫। উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের<br>চলিত বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৭ কোটি ১২ লক্ষ টাকা।<br>চলতি জুন/২০২৫ মাস পর্যন্ত মোট ঋণ বিতরণ হয়েছে ৫ কোটি ৮৭ লক্ষা টাকা যা লক্ষ্যমাত্রার ৮২.১৬%।<br>ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৭ কোটি ৮০ লক্ষ টাকা চলতি জুন/২০২৫ মাস পর্যন্ত আদায় হয়েছে ৫ কোটি ৮৮ লক্ষ টাকা। যা লক্ষ্য মাত্রার ৭৭.৪১%।<br>প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪৭০ জনের। চলতি জুন/২০২৫ মাস পর্যন্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৪৭০ জন উপকারভোগীকে।<br>তাছাড়া কাড়াপাড়া বালিকা বিদ্যালয়ে ও ইয়াকুব আলী মাধ্যমিক বিদ্যালয়ে ২টি কিশোরী ক্লাব রয়েছে। যার সদস্য সংখ্যা ২০০ জন। কিশোরী ক্লাবের সদস্য ছাত্রীগণ প্রতিমাসে ২০০ টাকা সঞ্চয় জমা করেন এবং সরকার ৪০০টাকা ইনসেনটিভ বোনাস দিয়ে থাকেন। মোট ৬০০ টাকা প্রতিমসে তার নামে জমা হয়। ১৮ বছর পূর্তিতে ব্যাংকিং হারে মুনাফাসহ তাকে প্রদান করা হয়। দুইটি বিদ্যালয়ের কিশোরী ক্লাবের ১০০জন ছাত্রীকে ২মাস অন্তর ১টি করে সচেতনমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | | ৩.১৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ<br>উপজেলা পরিসংখ্যান অফিসের দ্বায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো মূলত আর্থসামাজিক উন্নয়ন পরিকল্পনায় তথ্য সরবরাহ করে থাকে। জুন/২০২৫ মাসে অফিসের নিয়মিত কাজ বিভিন্ন ফসলের আনুমানিক হিসাব তথ্য সংগ্রহ ও সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে। বিভিন্ন ফসলের তথ্য সংগ্রহের অংশ হিসাবে নমুনা ভিত্তিক কৃষক তালিকা হালনাগাদ কাজ চলমান রয়েছে। এছাড়া পরিসংখ্যান ব্যুরো এর প্রধান অফিসের অধীন মাল্টিপল ইন্ডিকেটর ক্লাস্টার সার্ভে (MICS) জরিপের তথ্য সংগ্রহের কাজ হয়েছে। অর্থনৈতিক শুমারি-২০২৩ এর সংগৃহিত বিভিন্ন প্রতিষ্ঠানের তথ্য কোডিং কাজ সম্পন্ন করা হয়েছে।<br>জনশুমারি ও গৃহগণনা-২০২২ অনুযায়ী<br>বাগেরহাট সদর উপজেলার আয়তন (একরে) ৭৭৭০৬.২৭ একর, আয়তন বর্গ কিলো মিটারে ৩১৪.৪৬ কি:মি:<br>খানার সংখ্যা-৭৩১৭৬,<br>মৌজার সংখ্যা-১৮৪ টি<br>শিক্ষার হার পুরুষ-৮২.৯৬%,<br>মহিলা-৮১.৯৬% এবং গড় ৮১.৯৫%।<br>দারিদ্রতার হার-১৪.৩%,<br>লোক সংখ্যা পুরুষ-১৪৩৭৭৯ জন, মহিলা-১৪৪৮৭০ জন, মোট-২৮৮৬৪৯ জন ও<br>লোসংখ্যার ঘনত্ব (ব:কি:) ৯১৭.৯১ জন।<br>তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসের দ্বায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |

চলমান পাতা-০৬

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩.১৭। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভাকে অবহিত করেন যে, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনে জুন/২০২৫ মাসে<br>মোট সদস্য সংখ্যা ৫৫৩১ জন<br>মোট ঋনী সদস্য-৩৭২৬ জন<br>মোট ঋণ বিতরণ-৪১.৬০ লক্ষ টাকা<br>মোট ঋণ আদায়-৩৪.৫৭ লক্ষ<br>আদায়ের হার ৯৭%<br>সঞ্চয় আদায় ৫.৫৬ লক্ষ (সদস্যের পুঁজি গঠন)।<br>২০২৪-২০২৫ অর্থ বছরে ২৬/০৬/২০২৫ পর্যন্ত মোট বিতরণ ৪২৪.২০ লক্ষ এবং আদায়ের হার ৯৭%।<br>সেবামূলক কার্যক্রম:<br>নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ (যেমন: (i) গাভী পালন ও গরু মোটাতাজাকরণ (ii) হাঁস-মুরগী পালন, (iii) শাক-সবজি চাষ, (iv) মৎস্য চাষ। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) |
| | | ৩.১৮ উপজেলা রির্সোর্স সেন্টার:<br>ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোর্স সেন্টার সভাকে অবহিত করেন যে, মে/২০২৫ মাসের কার্যক্রম:<br>* বিদ্যালয় পরিদর্শন: পরিদর্শন প্রমাপ অনুযায়ী ৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে শিক্ষার্থীদের শিখন-শেখানো কার্যক্রমের উন্নয়নে পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হয়।<br>* চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিদর্শন: বাগেরহাট সদর উপজেলায় উপজেলা সহকারী প্রাথমিক অফিসার কর্তৃক পরিচালিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করা হয়।<br>*প্রশিক্ষণ ২০২৪-২৫ অর্থ বছরে পিইডিপি-৪ এর সাব কম্পোনেন্ট Special Education Needs and Disablities (SEND) এর আওতায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের জন্য "একীভূতকরণের কৌশল: শিখন-শেখানো এবং মূল্যায়ন" বিষয়ক ০৫ দিন ব্যাপি প্রশিক্ষণ অত্র দপ্তরে পরিচালিত হয়।<br>* এছাড়া দপ্তরের চলমান দাপ্তরিক কাজ, পিটিআই এর মিটিংসহ অন্যান্য মিটিংএ অংশ গ্রহণ করা হয় এবং দপ্তরের চলমান মেরামত ও সংস্কার কাজ পর্যবেক্ষণ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রির্সোর্স সেন্টার |
| | | ৩.১৯ পল্লী সঞ্চয় ব্যাংক:<br>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক সভাকে জানান যে,<br>জুন/২০২৫ মাসের অগ্রগতি:<br>মোট সদস্য সংখ্যা: ১০৮৮৫ জন<br>নিজস্ব সঞ্চয়-৫ কোটি ৪২ লক্ষ টাকা<br>ঋণ গ্রহণকারী সদস্য ৬৬১০ জন<br>মোট ঋণ বিতরণ-৪ কোটি ১০ লক্ষ<br>মোট ঋণ আদায়-৫কোটি ১৮ লক্ষ<br>মোট ঋণ আউট স্ট্যান্ডিং ১৭ কোটি ৩৫ লক্ষ টাকা এবং আদায়ের হার ৮৮%। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| | | ৩.২০ সামাজিক বন বিভাগ:<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, ষাটগম্বুজ এসএফএনটিসি, সামাজিক বন বিভাগ সভাকে অবহিত করেন যে, সামাজিক বন বিভাগ বাগেরহাট এর আওতাধীন ষাটগম্বুজ এসএফএনটিসির অধীনে বাগেরহাট সদর উপজেলায় ২০২৩-২৪ আর্থিক সনে পরিচালন ব্যয় খাতের আওতায় সুলতানপুর ব্রীজের গোড়া হতে বৈটপুর কালাম মেম্বার এর ঘের পর্যন্ত ১০.০ সিডলিং কিলোমিটার বাগানে শূন্যস্থান পূরণের কাজ চলমান রয়েছে। তাছাড়া জনসাধারণের নিকট চার বিক্রয়ের কাজ চলমান আছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলমান রয়েছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, ষাটগম্বুজ এসএফএন টিসি, সামাজিক বন বিভাগ |
| | | ৩.২১ উপজেলা নির্বাচন অফিস:<br>উপজেলা নির্বাচন অফিসার সভা কে অবহিত করেন যে, জুন/২০২৫ মাসের কার্যক্রম জাতীয় পরিচয়পত্রের সেবা সংক্রান্ত কার্যক্রম (নতুন অন্তর্ভূক্তি, সংশোধন, হারানো ও স্থানান্তর) তার কার্যালয়ে চলমান রয়েছে। দাপ্তরিক কার্যক্রম ধারা অব্যাহত রাখাসহ সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |

চলমান পাতা-০৭

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩.২২ উপজেলা খাদ্য অফিস:<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে অবহিত করেন যে, ২৬/০৬/২০২৫ তারিখ পর্যন্ত<br>মজুদ তথ্যাদি চাল ২৪৫৯.৪৩৭ মে:টন, গম ৪১.৫৯৫ মে:টন ও ধান ২৮৯.০০০ মে:টন।<br>আমন সংগ্রহ/২০২৪-২৫ লক্ষ্যমাত্রা সিদ্ধচাল ৭৪৫১.০০০, ধান ৮৩২.০০০ অর্জিত সিদ্ধ চাল ৩৯১৩.১৪০ ধান ৭১৪.০০০ মে:টন<br>খাদ্য বান্ধব: ডিলার সংখ্যা ২৮ কার্ড সংখ্যা ১২৪৩৯টি যাচাইকৃত ভোক্তার পরিমাণ ১২৩৫০<br>ওএমএস আটাবিক্রয় তথ্য: ওএমএস আটাখাতে মোট উত্তোলন ১১৬ মে:টন বিক্রয় ১১৬ মে:টন<br>ওএমএস খাতে চাল বিক্রয় তথ্য: ডিলার সংখ্যা-৯ মোট উত্তোলন ৭০.০০ বিক্রয় ৭০.০০০ মে:টন<br>টিসিবি তথ্য: টিসিবি ডিলার ২১ । টিসিবি কার্ড সংখ্যা-৫৩৯। টিসিবিখাতে উত্তোলন ২.৬৯৫<br>ভিডব্লিবি এর মাসিক উত্তোলন পরিমাণ ২৬০.০১০ মে: টন | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| | | ৩.২৩ তথ্য আপা;<br>তথ্য সেবা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে: তথ্য আপা প্রকল্প, ২য় পর্যায় এর জুন/২০২৫ মাসর মাসিক প্রতিবেদন:<br>•তথ্যকেন্দ্রের সেবা প্রদান: তথ্য কেন্দ্রে জুন/২৫ মাসে ০৬টি বিষয়ে (তথ্যপ্রযুক্তি, শিক্ষা, স্বাস্থ্য, আইন, কৃষি ও ব্যবসা) সেবা প্রদান করো হয়েছে। বিশেষত মহিলাদের বিভিন্ন অনলাইন আবেদন(vwb, চাকরি) বিনামূল্যে করা হয়েছে। এছাড়া মহিলাদের প্রাথমিক স্বাস্থ্য সেবা(ডায়াবেটিস পরিমাপ, প্রেসার পরিমাপ) প্রদান করা হয়।<br>•ডোর টু ডোর সেবা প্রদান: জুন/২৫ মাসে ডোর টু ডোর সেবার মাধ্যমে মহিলাদের বিভিন্ন বিষয়ে সচেতন করা যেমন: বাল্যববিাহ নিরোধ, করনা ও ডেঙ্গু বিষয়, নারী নির্যাতন বিষয়ে করণীয়, বিভিন্ন সরকারি সেবা সম্পর্কে সচেতনতা ইত্যাদি।<br>• উঠান বৈঠক: জুন/২৫ মাসে ২টা উঠান বৈঠাক অনুষ্ঠিত হয়। উঠান বৈঠাকে স্বাস্থ্য সচেতনতা ও সমাজসেবা কার্যক্রম সম্পর্কে মহিলাদের অবহিতকরণ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা |

পরিশেষে সভাপতি অন্তর্বর্তী সরকার প্রধানের নির্দেশনা বাস্তবায়নে স্বীয় দায়িত্বের প্রতি অধিকতর আন্তরিক হওয়ার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। অত:পর সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস.এম.মুস্তাফিজুর রহমান)
প্রশাসক
উপজেলা পরিষদ
বাগেরহাট সদর, বাগেরহাট।

**উপজেলা পরিষদ**
**বাগেরহাট সদর, বাগেরহাট।**

স্মারক নং-০৫.৪৪.০১০৮.০০০.০৬.০০২.২৩- ৫02 তারিখঃ ৩০ জুন ২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, বাগেরহাট।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, বাগেরহাট সদর, বাগেরহাট।
০৫। উপজেলা .................................................. অফিসার (সকল), বাগেরহাট সদর, বাগেরহাট।
০৬। প্রশাসক/চেয়ারম্যান/ প্যানেল চেয়ারম্যান.................................. ইউপি(সকল) বাগেরহাট সদর, বাগেরহাট।
০৭। জনাব.............................................................................।
০৮। অফিস কপি।

(এস.এম.মুস্তাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বাগেরহাট সদর, বাগেরহাট।

চলমান পাতা-০৮

CamScanner